# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/১২৭৪

তারিখ ঃ ০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য **স্থায়ী** ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| পদের নাম, বেতনস্কেল (২০১৫ অনুযায়ী) ও গ্রেড | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| (১) সেকশন অফিসার<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ১টি | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতকসহ স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স অনুর্ধ ৩২ বছর।<br>**অথবা**<br>প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ২য় শ্রেণির কর্মকর্তা/সমমানের পদে কমপক্ষে ০৫(পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ ৩৫ বছর। |
| (২) পরিবহন কর্মকর্তা<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ১টি | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতকসহ স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স অনুর্ধ ৩২ বছর।<br>**অথবা**<br>প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ২য় শ্রেণির কর্মকর্তা/সমমানের পদে কমপক্ষে ০৫(পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ ৩৫ বছর। |
| (৩) ল্যাব টেকনোলজিস্ট<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১টি | রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি (ল্যাবরেটরি/প্যাথলজি) ডিগ্রির অধিকারী হতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স অনুর্ধ ৩২ বছর। |
| (৪) লিফট অপারেটর<br>৯০০০-২১৮০০/- (গ্রেড-১৭) | ০২টি | ক) কমপক্ষে এইচএসসি/সমমান পাস হতে হবে।<br>খ) লিফট পরিচালনা ও রক্ষণাবেক্ষণের ধারণা থাকতে হবে। লিফট অপারেটিং কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন একটি শর্ত শিথিলযোগ্য। বয়স অনুর্ধ ৩২ বছর। |
| (৫) সহকারী বাবুর্চি<br>৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০১টি | নূন্যতম অষ্টম শ্রেণি পাস হতে হবে এবং ক্যাটারিং সার্ভিস-এ অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের জন্য নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন একটি শর্ত শিথিলযোগ্য। বয়স অনুর্ধ ৩২ বছর। |
| (৬) টেবিল বয়<br>৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০১টি | নূন্যতম অষ্টম শ্রেণি পাস হতে হবে। বয়স অনুর্ধ ৩২ বছর। |
| (৭) টেবিল গার্ল<br>৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০১টি | নূন্যতম অষ্টম শ্রেণি পাস হতে হবে। বয়স অনুর্ধ ৩২ বছর। |
| (৮) অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০১টি | কমপক্ষে এসএসসি পাস হতে হবে। বয়স অনুর্ধ ৩২ বছর। |

শর্তাবলী ঃ

১) **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ০১ অক্টোবর ২০২৬ খ্রি.।** সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা বরাবরে উক্ত তারিখের (**০১ অক্টোবর ২০২৬ খ্রি.**) মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌঁছাতে হবে।

২) আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট **(www.pust.ac.bd)**-এ প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে ঃ
**(ক)** সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৮(আট) কপি রঙিন ছবি **(খ)** শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি **(গ)** জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি **(ঘ)** অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) **(ঙ)** প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) **(চ)** ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

৩) **(ক)** সকল পদের প্রার্থীদের জন্য ০৮(আট) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
**(খ)** মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৪) কর্মচারী পদে আবেদনের ক্ষেত্রে এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স এর যে কোন একটি শর্ত শিথিলযোগ্য।

৫) গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে প্রথম শ্রেণির সমমান বলতে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান এর ক্ষেত্রে জিপিএ/ সিজিপিএ ৫.০০ এর জন্য কমপক্ষে ৩.৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ/ সিজিপিএ ৪.০০ এর জন্য কমপক্ষে ৩.০০ বুঝাবে এবং দ্বিতীয় শ্রেণির সমমান বলতে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান এর ক্ষেত্রে জিপিএ/ সিজিপিএ ৫.০০ এর জন্য ২.৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ/ সিজিপিএ ৪.০০ এর জন্য কমপক্ষে ২.২৫ বুঝাবে। নিয়োগের ক্ষেত্রে শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড (৫.০০ এর মধ্যে ২.৫০ এবং ৪.০০ এর মধ্যে ২.২৫) এর নিচে গ্রহণযোগ্য হবে না এবং বিদেশী ডিগ্রির ক্ষেত্রে ইউজিসি কর্তৃক সমতুল্য সনদ থাকতে হবে/ বিশ্ববিদ্যালয় সমতুল্য সনদ (Equivalence committee) কর্তৃক সুপারিশকৃত হতে হবে।

৬) চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৮) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯) প্রত্যেক প্রার্থীর তাঁর প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।

নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী পরবর্তী পৃষ্ঠায়

১০) প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/ মৌখিক পরীক্ষা/ জবটেস্ট এ ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১) **পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**-এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে ০১-০২নং পদের প্রার্থীদের ৬০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং ০৩-০৮নং পদের প্রার্থীদের ৩০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

১২) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

অধিকতর যোগ্যতা সম্পন্ন/ বিভাগীয় প্রার্থী/ পাবলিক বিশ্ববিদ্যালয়ে এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পদের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭/০৯/২০২৬

রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।